126

দৈনিক সংবাদ

তারিখ AUG. 1 7 1999
পৃষ্ঠা ৪ কলাম ২

## শিক্ষামন্ত্রী সমীপে

আমি গুরুদয়াল সরকারি কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের একজন ছাত্র। গত ১৫-০৭-৯৯ জাতীয় বিশ্ববিদ্যালয় হতে আসা নোটিশে জানতে পারলাম যে, আমাদের অনার্স পদ্ধতির কিছুটা পরিবর্তন হয়েছে। অর্থাৎ পূর্বে নিয়ম ছিল, অনার্স বিষয় ও সাবসিডিয়ারি প্রথম পত্রের পরীক্ষা প্রথম বর্ষেই অনুষ্ঠিত হবে। কিন্তু নতুন নিয়মানুযায়ী অনার্স বিষয়ের দুই পত্রের পরীক্ষা প্রথম বর্ষে অনুষ্ঠিত হবে। অপরদিকে সাবসিডিয়ারি বিষয়ের কোন পরীক্ষা প্রথম বর্ষে অনুষ্ঠিত হবে না। এতে করে দেখা যাচ্ছে যে, প্রথম বর্ষে অনার্স বিষয়ের জন্য আমাদের উপর ব্যাপক চাপ সৃষ্টি হবে এবং সাবসিডিয়ারি বিষয়ের গুরুত্ব কমে যাবে। আবার দ্বিতীয় বর্ষে যেহেতু অনার্স বিষয় ও সাবসিডিয়ারি উভয়টারই পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু দ্বিতীয় বর্ষেও আমাদের উপর আরও অধিক চাপ সৃষ্টি হবে। তাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বিনীত অনুরোধ যে, এই শিক্ষা পদ্ধতির সুষ্ঠু সমাধান করা হোক।

অমলেন্দু ভটাচার্য, সুবল
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ,
হিসাব বিজ্ঞান বিভাগ,
অনার্স প্রথম বর্ষ-৩৩২
কিশোরগঞ্জ-২৩০০